



মোহনগঞ্জ পৌরসভা কার্যালয়

মোহনগঞ্জ, নেত্রকোনা।

স্থাপিতঃ ১৯৭৫ইং।



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- মো-পৌ-স/২০২১/১৬৩৯

তারিখ : ২৮/১১/২০২১ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

মোহনগঞ্জ পৌরসভায় একজন কর্মচারীর পৌরসভা চাকুরী বিধিমালা ১৯৯২ এর ৬(৫) বিধির অবসরজনিত কারণে পদ শূন্য হওয়ায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার স্মারক নং- ৪৬.০৬৩.০৩১.০৮.০০.০০২.২০১১-১১৭৫, তারিখঃ ০৩/১০/২০১১খ্রিঃ মূলে বিধি ৪(৪) এ নিম্নে উল্লেখিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হইতে সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
০১	বৈদ্যুতিক মিস্ত্রী	০১	১৮-৩০ বছর	৯,৩০০-২২,৪৯০ (১৬তম গ্রেড)	স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট কোর্সে বিসেকশন লাইসেন্সধারী হতে হবে।

আবেদনপত্র দাখিলের শর্তাবলী ও প্রয়োজনীয় তথ্যাদিঃ

- ১) উপরে উল্লেখিত শূন্য পদে নিয়োগের ক্ষেত্রে আবেদনকারীকে মেয়র, মোহনগঞ্জ পৌরসভা বরাবর আবেদন করতে হবে।
- ২) আবেদনের সাথে মেয়র, মোহনগঞ্জ পৌরসভার অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার যে কোন তফসীলভুক্ত ব্যাংক হতে অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে।
- ৩) আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবনবৃত্তান্ত যথাঃ (ক) নাম (খ) পিতা- মাতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতার বিবরণ এবং (জ) অভিজ্ঞতার বিবরণ(যদি থাকে) উল্লেখ পূর্বক আগামী ১৯/১২/২০২১ইং তারিখের মধ্যে মেয়র, মোহনগঞ্জ পৌরসভা এর বরাবর অফিস চলাকালীন সময়ে ডাকযোগে দরখাস্ত পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত (ডাকযোগে প্রাপ্ত হলেও) সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৪) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়। আবেদনকারীর বয়স জনপ্রশাসন মন্ত্রণালয়ের, বিধি-১ শাখার স্মারক নং ০৫.০০.০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩, তারিখ ১৯/০৮/২০২১ইং মূলে ২৫/০৩/২০২০ তারিখের মধ্যে অবশ্যই ১৮-৩০ বছরে এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সন্তান/নাতি/নাতনিদের ৩২ বছরের মধ্যে হতে হবে।
- ৫) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সন্তান/নাতি/নাতনি হলে সেক্ষেত্রে তাকে তার পিতা/মাতা/দাদার অনুকূলে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি সহ প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার যোগসূত্র সম্পর্কিত সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/প্রশাসক কর্তৃক সনদপত্র দাখিল করতে হবে।
- ৬) বিভাগীয় এবং সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীর প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন প্রেরণ করতে হবে।
- ৭) আবেদনপত্রের সাথে নিম্ন লিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে। (ক) সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন সত্যায়িত ছবি, (খ) পৌরসভা/ইউনিয়ন কার্যালয় কর্তৃক চারিত্রিক সনদপত্রের মূল কপি, (গ) পৌরসভা/ইউনিয়ন কার্যালয় কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি, (ঙ) জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (যাবতীয় কাগজপত্রের ফটোকপি ১ম গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নামসহ সীল থাকতে হবে)।
- ৮) প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় দাখিলকৃত সকল কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- ৯) নিয়োগ সম্পর্কিত প্রচলিত সরকারি বিধিমালা ও কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ১০) কোন তথ্য গোপন করলে কিংবা তথ্যাবলির স্বপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র দাখিলে ব্যর্থ হলে কিংবা কোন তদবিরের আশ্রয় নিলে তা প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ১১) খাম ছাড়া কোন খোলা আবেদনপত্র গৃহীত হবে না এবং খামের উপর পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- ১২) আবেদনপত্রের সাথে স্পষ্টাক্ষরে লিখিত আবেদনকারীর নাম-ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিটসহ ৪ ইঞ্চি x ৯ ইঞ্চি সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে।
- ১৩) কেবল মাত্র বাছাইকৃত প্রার্থীগণকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য ইস্টারভিউ কার্ড ইস্যু করা হবে এবং বাছাই কমিটি কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে নিয়োগপত্র প্রদান করা হবে।
- ১৪) ভূয়া ঠিকানা, ভূয়া সনদপত্র, ভূয়া তথ্যে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে পুলিশ কর্তৃক সত্যতা প্রতিবেদনে তা উদঘাটিত হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৫) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- ১৬) নিয়োগ সম্পর্কে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৭) যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল অথবা নিয়োগ কার্যক্রম স্থগিত বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং এই নিয়োগ বিজ্ঞপ্তির কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে বাধ্য নয়।

(লতিফুর রহমান রতন)

মেয়র

মোহনগঞ্জ পৌরসভা

ডিজি-২৩৭৪/২১ (৮"X৩)